



বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ

website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

০৭ আগস্ট ২০২৪

তারিখ: -----

২৩ শ্রাবণ ১৪৩১

বিআরপিডি সার্কুলার লেটার নং-৩৬

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা

বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

ঋণ সংশ্লিষ্ট চার্জ ডকুমেন্টে বৃদ্ধাঙ্গুলির ছাপ (Thumb Impression) গ্রহণ প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-১৫ তারিখ: ০২ আগস্ট ২০২৩ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

- উক্ত সার্কুলারের মাধ্যমে ঋণ আদায়ে উদ্ভূত আইনগত জটিলতা নিরসনকল্পে ঋণ প্রদানের উদ্দেশ্যে গৃহীত/গৃহীতব্য চার্জ ডকুমেন্টস এর বিষয়বস্তু ঋণ গ্রহীতা এবং জামিনদাতাসহ সংশ্লিষ্ট ৩য় ব্যক্তি/পক্ষকে পড়ে শুনানোর বিষয়টি নিশ্চিত করা এবং উক্ত ডকুমেন্টসমূহে স্বাক্ষরের (প্রযোজ্য ক্ষেত্রে) পাশাপাশি তাঁদের উভয় হাতের বৃদ্ধাঙ্গুলির ছাপ (Thumb Impression) জাতীয় পরিচয়পত্রের (NID) ডাটাবেইজ হতে যাচাইপূর্বক গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়। কিন্তু কতিপয় ক্ষেত্রে (যেমন: বিদেশী নাগরিক, প্রবাসী বাংলাদেশী, শারীরিক প্রতিবন্ধী, ইত্যাদি) বৃদ্ধাঙ্গুলির ছাপ NID ডাটাবেইজ হতে যাচাই সংক্রান্ত নির্দেশনা পরিপালনের ক্ষেত্রে ব্যাংকসমূহ সমস্যার সম্মুখীন হচ্ছে মর্মে এ কার্যালয় অবহিত হয়েছে।
- এক্ষেণে এ মর্মে স্পষ্টীকরণ করা যাচ্ছে যে, প্রদত্ত নির্দেশনা বাস্তবায়নের নিমিত্ত ঋণ সংশ্লিষ্ট চার্জ ডকুমেন্টসমূহে ঋণগ্রহীতা ও জামিনদাতাসহ সংশ্লিষ্ট ৩য় ব্যক্তি/পক্ষের স্বাক্ষরের পাশাপাশি তাঁদের উভয় হাতের বৃদ্ধাঙ্গুলির ছাপ গ্রহণ ও যাচাই অব্যাহত রাখতে হবে। তবে, যে সকল ব্যক্তির আঙুলের ছাপ NID ডাটাবেইজে সংরক্ষিত নেই বিধায় যাচাইয়ের সুযোগ নেই এমন ব্যক্তির ক্ষেত্রে ব্যাংক কর্তৃক নিজ দায়িত্বে তাঁদের সঠিক পরিচিতি নিশ্চিত করতে হবে। এতদ্ব্যতীত, উক্ত সার্কুলারে বর্ণিত অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।
- ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।
- এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ শাহরিয়ার সিদ্দিকী)

পরিচালক (বিআরপিডি)

ফোন: ৯৫৩০২৫২